# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫০৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. দ্বিতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَسْقَى قَالَ: «اللَّهُمَّ اسْقِ عِبَادَكَ وَبَهِيمَتَكَ وَانْشُرْ رَحْمَتَكَ وَأَحْيِ بَلَدَكَ الْمَيِّتَ» . رَوَاهُ مَالك وَأَبُو دَاوُد

বাংলা

১৫০৬-[১০] ’আমর ইবনু শু’আয়ব হতে বর্ণিত। তিনি তাঁর পিতার মাধ্যমে তাঁর দাদা হতে বর্ণনা করেছেন। তাঁর দাদা বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বৃষ্টির জন্য দু’আ করার সময় বলতেন, ’’আল্ল-হুম্মাসক্বি ’ইবা-দাকা ওয়াবাহী মাতাকা ওয়ানশুর রহমতাকা ওয়াআহয়ি বালাদাকাল মাইয়্যিত’’ (অর্থাৎ হে আল্লাহ! তুমি তোমার বান্দাদেরকে, তোমার পশুদেরকে পানি দান করো। তাদের প্রতি তোমার করুণা বর্ষণ করো। তোমার মৃত জমিনকে জীবিত করো)। (মালিক, আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ১১৭৬, মুয়াত্ত্বা মালিক ৬৪৯, আদ দা‘ওয়াতুল কাবীর ৫৫০, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৪৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَانْشُرْ رَحْمَتَكَ) আপনার রহমাতকে বিস্তৃত করুন। রহমাত দ্বারা উদ্দেশ্য কল্যাণকর ও বারাকাতপূর্ণ বৃষ্টি। যেমন আল্লাহ তা‘আলা বলেনঃ

وَهُوَ الَّذِيْ يُنَزِّلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوْا وَيَنْشُرُ رَحْمَتَهٗ وَهُوَ الْوَلِيُّ الْحَمِيْدُ

‘‘মানুষ নিরাশ হয়ে যাওয়ার পরে তিনি বৃষ্টি বর্ষণ করেন এবং স্বীয় রহমাত ছড়িয়ে দেন।’’ (সূরাহ্ আশ্ শূরা ৪২ : ২৮)

(وَأَحْيِ بَلَدَكَ الْمَيِّتَ)‘মৃত জনপদকে সজীব করুন।’ যেমন আল্লাহ তা‘আলার বাণীঃ ‘‘অতএব, তোমরা আল্লাহর রহমাতের ফল দেখে নাও কিভাবে তিনি মৃত্তিকার মৃত্যুর পর জীবিত করেন’’- (সূরাহ্ আর্ রূম ৩০ : ৫০)। আল্লাহ আরও বলেন, ‘‘আল্লাহই বায়ু প্রেরণ করেন, অতঃপর সে বায়ু মেঘমালা সঞ্চায়িত করে। অতঃপর আমি তা মৃত ভূখন্ডের দিকে পরিচালিত করি। অতঃপর তা দ্বারা সে ভূখন্ডকে তার মৃত্যুর পর সঞ্জীবিত করে দেই’’- (সূরাহ্ ফা-ত্বির ৩৫ : ৯)।

অন্যস্থানে আল্লাহ বলেন, ‘‘আর আমি বৃষ্টি দ্বারা মৃত জমিনকে জীবিত করি’’- (সূরাহ্ ক্বাফ ৫০ : ১১)। হাদীস প্রমাণ করে ইস্তিসক্বার সময় সংশ্লিষ্ট দু‘আ করা মুস্তাহাব।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56066

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন